চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়
Faculty of Fine Art, University of Dhaka
Kazi Nazrul Islam Avenue, Dhaka-1000, Bangladesh
Phone. 880-29675219, IP PABX: 880-9666911463, Extn. 8570, 8571
E-mail: deanfineart@du.ac.bd, fineart.du@gmail.com
Website: www.du.ac.bd, www.fineart-du.com

No......১৫৬২... Date...০৩/১১/২৪ খ্রি.

# চারুকলা ইউনিট

## ঢাকা বিশ্ববিদ্যালয়

## ভর্তি নির্দেশিকা ২০২৪-২০২৫

(চার বৎসর মেয়াদি আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম)

<u>সাধারণ তথ্য</u>

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তির আবেদনের জন্য নির্ধারিত ফরম ওয়েবসাইটে (https://admission.eis.du.ac.bd) ০৪/১১/২০২৪ তারিখ দুপুর ১২টা থেকে পাওয়া যাবে। পূরণকৃত ফরম ০৪/১১/২০২৪ থেকে ২৫/১১/২০২৪ তারিখ রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত ওয়েব সাইটের মাধ্যমে জমা দিতে হবে। ফরম জমা দেওয়ার আগে আবেদনকারী পরীক্ষার ফি বাবদ ৯৬৭.০৪/- এবং অনলাইন আবেদন সার্ভিস চার্জ বাবদ ৭০/- টাকা ও ব্যাংক সার্ভিস চার্জ বাবদ ১২.৯৬ টাকাসহ সর্বমোট ১,০৫০/- (এক হাজার পঞ্চাশ) টাকা মাত্র নির্ধারিত চারটি রাষ্ট্রায়ত্ব বানিজ্যিক ব্যাংকের (সোনালী, জনতা, অগ্রণী, রূপালী) যে কোনো শাখায় অথবা অনলাইনে ডেবিট/ক্রেডিট কার্ড, মোবাইল ফিনান্সিয়াল সেবা ব্যবহার করে আবেদন ফি জমা দিবে।

https://admission.eis.du.ac.bd ওয়েবসাইট থেকে ভর্তির আবেদন করা যাবে। ভর্তির আবেদনের জন্য আবেদনকারী উচ্চ মাধ্যমিক এবং মাধ্যমিকের তথ্য, বর্তমান ঠিকানা ও মোবাইল নম্বর, পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র নম্বর, কোটা এবং নিজের একটি ছবি আপলোড করতে হবে।

কোটাসহ মোট আসন সংখ্যা : ১৩০ (খেলোয়ার ও ওয়ার্ড কোটা নির্ধারিত আসন সংস্কার অতিরিক্ত হিসেবে গণ্য হবে)

১. অঙ্কন ও চিত্রায়ণ-২৫    ২. গ্রাফিক ডিজাইন-২৫    ৩. প্রিন্টমেকিং-১২    ৪. প্রাচ্যকলা-১৫    ৫. মৃৎশিল্প-১০
৬. ভাস্কর্য-১০    ৭. কারুশিল্প-১৫    ৮. শিল্পকলার ইতিহাস-১৮

<u>প্রার্থীর প্রাথমিক যোগ্যতা</u>

২০১৯ সন থেকে ২০২২ সন পর্যন্ত মাধ্যমিক বা সমমানের এবং ২০২৪ সনের উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে যারা ঢাকা বিশ্ববিদ্যালয়ে চারুকলা ইউনিটে ভর্তি পরীক্ষার জন্য নিম্নে উল্লেখিত শর্তসমূহ পুরণ করেছে কেবল তারাই ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

- মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের গ্রেড ভিত্তিক পরীক্ষার যে কোনো শাখায় GPA-দ্বয়ের যোগফল ন্যূনতম ৬.৫ হতে হবে। তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০ থাকতে হবে।

- IGCSE/O Level এবং IAL/GCE A Level পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে: ২০১৯ সন থেকে ২০২২ সন পর্যন্ত IGCSE/O Level পরীক্ষায় অন্তত ৫টি বিষয়ে এবং ২০২৪ সনের ফল প্রকাশিত IAL/GCE A Level পরীক্ষায় অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। IGCSE/O Level এবং IAL/GCE A Level-এ মোট ৭টি বিষয়ের মধ্যে যথাক্রমে ৪টি বিষয়ে কমপক্ষে বি-গ্রেড ও ৩টি বিষয়ে কমপক্ষে সি-গ্রেড থাকতে হবে।
- IGCSE/O Level এবং IAL/GCE A Level সমমানের বিদেশি সার্টিফিকেট/ডিপ্লোমাধারী প্রার্থীরা ওয়েবসাইটের মাধ্যমে সমতা নিরূপণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

03.11.24

চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়
Faculty of Fine Art, University of Dhaka
Kazi Nazrul Islam Avenue, Dhaka-1000, Bangladesh
Phone: 880-29675219, IP PABX: 880-9666911463, Extn. 8570, 8571
E-mail: deanfineart@du.ac.bd, fineart.du@gmail.com
Website: www.du.ac.bd, www.fineart-du.com

No...................... Date............................

সমতা নিরূপণ

- ☐ IGCSE/O Level এবং IAL/GCE A Level সমমানের বিদেশি পাঠক্রমে বা উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদের সমতা নিরূপণের জন্য https://admission.eis.du.ac.bd ওয়েবসাইটে গিয়ে "সমমান আবেদন" বা "Equivalence Application" মেনুতে আবেদন করে তাৎক্ষণিকভাবে অনলাইনে নির্ধারিত ফি জমা দিতে হবে। সমতা নিরূপণের পর প্রাপ্ত "Equivalence ID" ব্যবহার করে সাধারণ শিক্ষার্থীদের মতো তারা একই ওয়েবসাইটে লগইন করে ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবে।

ভর্তি পরীক্ষা

- ☐ ভর্তি পরীক্ষা কেবলমাত্র ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রে অনুষ্ঠিত হবে।
- ☐ সাধারণ জ্ঞান ও অঙ্কন পরীক্ষা এক সঙ্গে অনুষ্ঠিত হবে (সাধারণ জ্ঞান ৪০ + অঙ্কন ৬০ = ১০০ নম্বর)।
- ☐ রোল নম্বর/সিরিয়াল নম্বর অনুসারে পরীক্ষার আসনবন্টন হবে। যথাসময়ে ওয়েবসাইটে আসনবন্টন তালিকা প্রকাশ করা হবে।
- ☐ প্রবেশপত্র সঙ্গে না থাকলে পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- ☐ পরীক্ষার্থীকে পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে পরীক্ষার হলে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে।
- ☐ ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান ও অঙ্কন) আগামী ০৪ জানুয়ারি ২০২৫, শনিবার সকাল ১১টা থেকে ১২:৩০টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। সাধারণ জ্ঞান পরীক্ষা MCQ পদ্ধতিতে সম্পন্ন হবে (পরীক্ষায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে পঠিত বাংলা ও ইংরেজিসহ চারুকলার বিভিন্ন বিভাগ সম্পর্কিত বা বিষয় ভিত্তিক প্রশ্ন এবং শিল্প, সাহিত্য, সংস্কৃতি, ইতিহাস, ঐতিহ্য, সমসাময়িক ঘটনাবলি বিষয়ে প্রশ্ন থাকবে) এবং অঙ্কন পরীক্ষায় হিউম্যান ফিগার ড্রইংয়ের (মানুষের বিভিন্ন দেহ ভঙ্গির ফটোগ্রাফ) প্রশ্ন থাকবে।
- ☐ **'অঙ্কন' পরীক্ষার জন্য শুধুমাত্র কাগজ সরবরাহ করা হবে। অন্যান্য সরঞ্জামাদি (যেমন পেনসিল, ইরেজার, কলম এবং ক্লিপবোর্ড) পরীক্ষার্থীকে সঙ্গে নিয়ে আসতে হবে।**
- ☐ **পরীক্ষার হলে পরীক্ষার্থী কোনো অবস্থাতেই বই, কাগজপত্র, ব্যাগ, ক্যালকুলেটর, ক্যামেরা, ট্যাব, এটিএম কার্ডসহ কোনো প্রকার ইলেকট্রনিক ডিভাইস ও ডিভাইস সম্বলিত কলম, ঘড়ি, চশমা এবং ইয়ারফোন ইত্যাদি নিয়ে প্রবেশ করতে পারবে না।**
- ☐ সরবরাহকৃত উত্তরপত্রে প্রবেশপত্র অনুসারে পরীক্ষার্থীর প্রয়োজনীয় তথ্য ইংরেজিতে বড় হাতের অক্ষরে স্পষ্টভাবে লিখতে হবে এবং নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে।
- ☐ হাজিরা ফর্দের নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে।
- ☐ 'সাধারণ জ্ঞান' পরীক্ষায় প্রতি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।
- ☐ বিশ্ববিদ্যালয়ের বিধি অনুযায়ী 'সাধারণ জ্ঞান ও অঙ্কন' পরীক্ষায় সর্বমোট ৪০% নম্বর প্রাপ্তরা উত্তীর্ণ হিসেবে বিবেচিত হবে। ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে পরীক্ষার্থীর মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার ফলাফলের ২০ (১০+১০) যুক্ত করে সর্বমোট ১২০ নম্বরের মধ্যে মেধা তালিকা প্রস্তুত করা হবে।
- ☐ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ভর্তি পরীক্ষার ফল এবং পরবর্তী করণীয় সম্পর্কে অবহিত হওয়া আবশ্যক।

০৬.১১.২৪

চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়
Faculty of Fine Art, University of Dhaka
Kazi Nazrul Islam Avenue, Dhaka-1000, Bangladesh
Phone: 880-29675219, IP PABX: 880-9666911463, Extn. 8570, 8571
E-mail: deanfineart@du.ac.bd, fineart.du@gmail.com
Website: www.du.ac.bd, www.fineart-du.com

No........................ Date............................

ভর্তি পরীক্ষা পরবর্তী করণীয় :

- ☐ ভর্তি পরীক্ষায় উত্তীর্ণরা কাঙ্ক্ষিত বিভাগে ভর্তির জন্য ওয়েবসাইটে নির্ধারিত পছন্দক্রমের ফরম পূরণ করবে। সুনির্দিষ্ট তারিখের মধ্যে 'পছন্দক্রম ফরম' পূরণ না করলে পরীক্ষার্থী ভর্তি হতে আগ্রহী নয় বলে বিবেচিত হবে। পরীক্ষার্থীর মেধাক্রম ও বিভাগ পছন্দক্রম অনুসারে স্বয়ংক্রিয়ভাবে বিভাগ নির্ধারিত হবে।
- ☐ ফল প্রকাশের পর ওয়েবসাইটে ঘোষিত তারিখের মধ্যে ভর্তির বিষয়ে বিভাগের অফিসে যোগাযোগ করতে হবে এবং ছাত্রছাত্রীদের অবশ্যই ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল নম্বরপত্র/ ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র ও এসএসসি সনদপত্র সঙ্গে আনতে হবে।
- ☐ ভর্তি পরীক্ষায় চূড়ান্তভাবে নির্বাচিতদের ভর্তি সংক্রান্ত সকল কাগজপত্রে ব্যবহৃত সকল স্বাক্ষর ও পাসপোর্ট সাইজ ছবি ভর্তি পরীক্ষার আবেদনপত্রে ব্যবহৃত স্বাক্ষর ও ছবির অনুরূপ হতে হবে।
- ☐ ঢাকা বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর ওয়ার্ডকোটা (কেবল ছেলে/মেয়ে/স্বামী/স্ত্রী), উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠি, হরিজন ও দলিত সম্প্রদায়, প্রতিবন্ধি (তবে দেখতে এবং আঁকতে সক্ষম), মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার নাতি/নাতনিসহ, খেলোয়াড় (শুধুমাত্র বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান বিকেএসপি থেকে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের) কোটায় ভর্তি প্রার্থীদের ভর্তির জন্য ভর্তি পরীক্ষার ১০০ নম্বরের মধ্যে পাস নম্বর নুন্যতম ৪০% অর্থাৎ ৪০ নম্বর। তবে সংশ্লিষ্ট ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশের ৭ (সাত) দিনের মধ্যে ওই ইউনিটের ডিন অফিস থেকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র প্রদর্শনপূর্বক নির্ধারিত ফরম সংগ্রহ করতে হবে।

বিভিন্ন কোটায় আবেদনের জন্য যে সকল সনদপত্র প্রয়োজন

(ক) ওয়ার্ড কোটার ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অফিস প্রধানের প্রত্যয়নপত্র।

(খ) উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠি কোটার ক্ষেত্রে স্ব-স্ব উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠি প্রধান/জেলা প্রশাসক-এর সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

(গ) হরিজন ও দলিত সম্প্রদায় কোটার ক্ষেত্রে হরিজন ও দলিত সম্প্রদায় সংগঠন প্রধানের সনদপত্র।

(ঘ) প্রতিবন্ধি কোটার (বাক, শ্রবণ, শারীরিক ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিজঅর্ডারস, ট্রান্সজেন্ডার/হিজড়া) ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর/সমাজকল্যাণ মন্ত্রণালয়/সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ঙ) মুক্তিযোদ্ধার সন্তান (মুক্তিযোদ্ধার সন্তান পাওয়া না গেলে নাতি/নাতনী) কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র অথবা ১৯৯৭ সন থেকে ২০০১ সন পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত মুক্তিযোদ্ধার সনদপত্রসহ।

(চ) খেলোয়াড় কোটায় শুধুমাত্র বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) থেকে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। এ ক্ষেত্রে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সনদপত্র প্রাপ্ত হতে হবে।

জাতীয় পর্যায়ের খেলোয়াড় কোটায় বিশেষ ভর্তি যোগ্যতা, শর্তাবলী ও করণীয় :

মাধ্যমিক বা সমমান এবং উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অনুর্ধ্ব ২৩ বছর বয়সী ছাত্র-ছাত্রীদের মধ্যে যারা ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন ইউনিটে ভর্তির জন্য খেলোয়াড় কোটার নির্ধারিত শর্ত পূরণ করে কেবল তারাই ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে জাতীয় পর্যায়ের খেলোয়াড় কোটায় ভর্তির জন্য আবেদন করতে পারবে।

০৩.১১.২৪

চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়
Faculty of Fine Art, University of Dhaka
Kazi Nazrul Islam Avenue, Dhaka-1000, Bangladesh
Phone: 880-29675219, IP PABX: 880-9666911463, Extn. 8570, 8571
E-mail: deanfineart@du.ac.bd, fineart.du@gmail.com
Website: www.du.ac.bd, www.fineart-du.com

No....................... Date............................

ভর্তি প্রার্থীরা ০১/১২/২০২৪ তারিখ দুপুর ১২.০০টা থেকে ১০/১২/২০২৪ তারিখ রাত ১১.৫৯ মি: পর্যন্ত Dhaka University Admission Website (https://admission.eis.du.ac.bd)–এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে পারবে। আবেদন ফি ১,৫০/- (এক হাজার পঞ্চাশ) টাকা। চারটি রাষ্ট্রায়ত্ব বাণিজ্যিক ব্যাংকের ( সোনালী, জনতা,অগ্রণী, রূপালী) যেকোন শাখায় অথবা অনলাইনে ডেবিট/ ক্রেডিট কার্ড, মোবাইল ফিনান্সিয়াল সেবা ব্যবহার করে শিক্ষার্থীরা আবেদন ফি জমা দিবে।

(ক) প্রার্থীকে জাতীয় দলের বর্তমান খেলোয়াড় হতে হবে;

(খ) বিগত ৩ (তিন) বছরের মধ্যে জাতীয় দল, জাতীয় 'এ' দল এবং বয়সভিত্তিক (অনুর্ধ্ব ২৩/২০/১৯/১৭/১৬) দলের সদস্য হয়ে জাতীয়/আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণের অভিজ্ঞতা থাকতে হবে;

(গ) ব্যক্তিগত ক্রীড়াসমূহে (বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশনভুক্ত প্রতিষ্ঠান ও বাংলাদেশ অলিম্পিক ক্রীড়া ফেডারেশনভুক্ত খেলা) জাতীয় র‍্যাংকিং অনুযায়ী ১-৫ এর মধ্যে থাকতে হবে;

(ঘ) ক-গ সকল খেলোয়াড় প্রার্থীর বয়স অনুর্ধ্ব ২৩ বছর হতে হবে এবং বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউনিটভিত্তিক ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ হতে খেলোয়াড় কোটায় ভর্তির জন্য লিখিত (অংকন) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। সংশ্লিষ্ট ইউনিট প্রধানগণ লিখিত (অংকন) পরীক্ষা গ্রহণ করবেন।

কোটায় ভর্তি প্রার্থীদের সুনির্দিষ্ট কোটা ফরম পূরণ করে যাথাযথ প্রত্যয়নপত্র/সনদপত্র/প্রমাণপত্র চারুকলা ইউনিট প্রধানের অফিসে জমা দিতে হবে।

মনোনয়ন প্রাপ্ত প্রার্থীর করণীয়

- ☐ ভর্তি প্রার্থীকে নির্ধারিত তারিখের মধ্যে অনলাইনে পে-ইন-স্লিপে উল্লেখিত পরিমাণ টাকা অনলাইনে জমা দিতে হবে এবং পে-ইন-স্লিপের কাউন্টার-ফয়েল বিভাগে-এর কার্যালয়ে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিয়ে ভর্তি-ফরম সংগ্রহ করতে হবে।
- ☐ বিভাগ নির্ধারণের পর নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তি না হলে প্রার্থী ভর্তির সুযোগ হারাবে।
- ☐ ভর্তির সময় প্রার্থীকে নিম্নলিখিত প্রমাণাদি সাথে আনতে হবে:

  ক) ৪ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি খ) সকল পরীক্ষার মূল নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট এবং ২ কপি করে নম্বর পত্রের/ ট্রান্সক্রিপ্টের ফটোকপি গ) উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার মূল প্রবেশপত্র ও ফটোকপি (২টি) ঘ) প্রথম শ্রেণির গেজেটেড অফিসার অথবা সংশ্লিষ্ট ব্যক্তি/জন প্রতিনিধি কর্তৃক প্রদত্ত অভিভাবকের আয়ের সনদপত্র ঙ) বিদ্যালয় ও মহাবিদ্যালয় কর্তৃক প্রদত্ত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার প্রশংসাপত্রের মূল কপি ও ফটোকপি (২টি) চ) মাধ্যমিক/সমমানের পরীক্ষা পাশের মূল সনদপত্র ও ফটোকপি।

- ☐ ছবি ও ফটোকপি সংশ্লিষ্ট বিভাগের শিক্ষক সত্যায়িত করবেন।

বিশেষ দ্রষ্টব্য : ভর্তি সংক্রান্ত নিয়মনীতির যে কোনো ধারা ও উপধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৩.১১.২৪

ডিন
চারুকলা অনুষদ
ঢাকা বিশ্ববিদ্যালয়

চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, বাংলাদেশ
Faculty of Fine Art, University of Dhaka, Dhaka-1000, Bangladesh
Phone: 880-2-9675219, PABX: 9661920-73, Extn. 8570, 8571
Kazi Nazrul Islam Avenue, Dhaka- 1000, Bangladesh
Email: deanfineart@du.ac.bd, fineart.du@gmail.com
Web: www.fineart-du.com, www.du.ac.bd

No. ...... ১৫৬১ ......... Date ...০৩।১১।২৪ খ্রি.

ঢাকা বিশ্ববিদ্যালয়

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে খেলোয়াড় কোটায় ভর্তি বিজ্ঞপ্তি

মাধ্যমিক বা সমমান এবং উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অনুর্ধ্ব ২৩ বছর বয়সী ছাত্র-ছাত্রীদের মধ্যে যারা ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন ইউনিটে ভর্তির জন্য খেলোয়াড় কোটার নির্ধারিত শর্ত পূরণ করে কেবল তারাই ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে জাতীয় পর্যায়ের খেলোয়াড় কোটায় ভর্তির জন্য আবেদন করতে পারবে।

ভর্তি প্রার্থীরা ০১/১২/২০২৪ তারিখ দুপুর ১২.০০টা থেকে ১০/১২/২০২৪ তারিখ রাত ১১.৫৯ মি: পর্যন্ত Dhaka University Admission Website (https://admission.eis.du.ac.bd)—এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে পারবে। আবেদন ফি ১.০৫০/- (এক হাজার পঞ্চাশ) টাকা। চারটি রাষ্ট্রায়ত্ব বাণিজ্যিক ব্যাংকের ( সোনালী, জনতা,অগ্রণী, রূপালী) যেকোন শাখায় অথবা অনলাইনে ডেবিট/ ক্রেডিট কার্ড, মোবাইল ফিনান্সিয়াল সেবা ব্যবহার করে শিক্ষার্থীরা আবেদন ফি জমা দিবে।

**২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে জাতীয় পর্যায়ের খেলোয়াড় কোটায় ভর্তির যোগ্যতা ও শর্ত নিম্নরূপ :**

(ক) প্রার্থীকে জাতীয় দলের বর্তমান খেলোয়াড় হতে হবে;

(খ) বিগত ০৩ (তিন) বছরের মধ্যে জাতীয় দল, জাতীয় 'এ' দল এবং বয়সভিত্তিক (অনুর্ধ্ব ২৩/২০/১৯/১৭/১৬) দলের সদস্য হয়ে জাতীয়/আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণের অভিজ্ঞতা থাকতে হবে;

(গ) ব্যক্তিগত ক্রীড়াসমূহে (বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশনভুক্ত প্রতিষ্ঠান ও বাংলাদেশ অলিম্পিক ক্রীড়া ফেডারেশনভুক্ত খেলা) জাতীয় র‍্যাংকিং অনুযায়ী ১-৫ এর মধ্যে থাকতে হবে;

(ঘ) ক-গ সকল খেলোয়াড় প্রার্থীর বয়স অনুর্ধ্ব ২৩ বছর হতে হবে এবং বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউনিটভিত্তিক ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ হতে খেলোয়াড় কোটায় ভর্তির জন্য লিখিত (অংকন) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। সংশ্লিষ্ট ইউনিট প্রধানগণ লিখিত (অংকন) পরীক্ষা গ্রহণ করবেন।

03.11.2024
(অধ্যাপক ড. মো: আজহারুল ইসলাম শেখ)
কোঅর্ডিনেটর, চারুকলা ইউনিট আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম ভর্তি পরীক্ষা ২০২৪-২০২৫
এবং
ডিন, চারুকলা অনুষদ
ঢাকা বিশ্ববিদ্যালয়